কালের কণ্ঠ

তারিখ ... 06 MAR 2018 ...
পৃষ্ঠা ... কলাম ...

ওরিয়েন্টেশন শুরু

# সরকারি চাকরিতে যোগ দিলেন ১০১০ কওমি আলেম

নিজস্ব প্রতিবেদক ▷

কওমি সনদের সরকারি স্বীকৃতির পর দেশে প্রথমবারের মতো এক হাজার ১০ জন কওমি আলেম সরকারি চাকরিতে যোগ দিয়েছেন। ইসলামিক ফাউন্ডেশনের মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম (ষষ্ঠ পর্যায়) প্রকল্পের আওতায় পরিচালিত দেশজুড়ে এক হাজার ১০টি দারুল আরকাম মাদরাসায় শিক্ষক হিসেবে যোগ দিয়েছেন তাঁরা।

গতকাল সোমবার ইসলামিক ফাউন্ডেশনের পক্ষ থেকে এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক আগ্রহে চলতি বছর ইসলামিক ফাউন্ডেশনের অধীন দেশজুড়ে এক হাজার ১০টি দারুল আরকাম মাদরাসা প্রতিষ্ঠা করা হয়। মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের আওতায় পরিচালিত এসব মাদরাসায় সদ্য যোগদান করা কওমি আলেমরা শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন। এ ছাড়া এসব মাদরাসায় আরো এক হাজার ১০ জন আলিয়ার আলেম নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। ইতিমধ্যে তাঁদের লিখিত ও মৌখিক পরীক্ষা নেওয়া হয়েছে। শিগগিরই চূড়ান্ত ফল ঘোষণা করা হবে।

এদিকে গতকাল সোমবার বিকেলে বায়তুল মোকাররম জাতীয় মসজিদের পূর্ব সাহানে নবনিযুক্ত শিক্ষকদের তিন দিনের ওরিয়েন্টেশন কর্মশালা শুরু হয়েছে। কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ধর্ম মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি বজলুল হক হারুন এমপি। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনা কওমি সনদের স্বীকৃতি দেওয়ার মাধ্যমে আলেমদের দীর্ঘদিনের দাবি পূরণ করেছেন। এক হাজার ১০ জন কওমি আলেমকে ইসলামিক ফাউন্ডেশনে চাকরি দেওয়ার ঘটনা ঐতিহাসিক। সরকার আলেমদের জন্য দাওয়াতভিত্তিক কর্মসংস্থানের ব্যবস্থা করেছে।

সভাপতির বক্তব্যে ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালক সামীম মোহাম্মদ আফজাল বলেন, দারুল আরকাম ইবতেদায়ি মাদরাসায় কওমি, আলিয়া ও সাধারণ শিক্ষা ক্যাটাগরিতে মোট তিন হাজার ৩০ জনকে নিয়োগ দেওয়া হবে।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন আওয়ামী লীগের ধর্মবিষয়ক সম্পাদক অ্যাডভোকেট শেখ মোহাম্মদ আবদুল্লাহ, ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরসের গভর্নর মিছবাহুর রহমান চৌধুরী ও সিরাজ উদ্দিন আহমেদ। মসজিদভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পের প্রকল্প পরিচালক জুবায়ের আহমদ সভায় স্বাগত বক্তৃতা করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.........................
তারিখ.........................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এস.পি বিভাগ
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর